কানাইঘাটে স্বপ্নের ঘর পেয়ে ৮৪ পরিবারে আনন্দের ঢেউ

কানাইঘাট প্রতিনিধি ::মুজিববর্ষের অঙ্গীকার হিসেবে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার আশ্রয়ন প্রকল্পের আওতায় সিলেটের কানাইঘাট উপজেলায় তৃতীয় ধাপে আরো ৮৪টি পরিবারকে ২ শতক জমিসহ সেমিপাকা ঘরের দলিলসহ চাবি হস্তান্তর করা হয়েছে।

আজ মঙ্গলবার (২৬ এপ্রিল) সকাল ১১টায় গণভবন থেকে প্রধানমন্ত্রী শেখ হাসিনা মুজিববর্ষ উপলক্ষ্যে তৃতীয় ধাপে নির্মিত ঘরগুলো কানাইঘাটসহ একযোগে সারা বাংলাদেশে উদ্বোধন করেন।

উদ্বোধনের পর উপজেলা প্রশাসনে আয়োজনে অডিটোরিয়ামে উপকারভোগী, সুধীজন, জনপ্রতিনিধি, রাজনৈতিক দলের নেতৃবৃন্দ, সরকারি কর্মকর্তা, সাংবাদিকসহ নানা শ্রেণিপেশার মানুষের স্বতঃস্ফুর্ত উপস্থিতিতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উপ-সচিব ও সিলেট জেলার স্থানীয় সরকারের উপ-পরিচালক মামুন রশিদ আনুষ্ঠানিকভাবে ৮৪টি ভ‚মিহীন পরিবারের কাছে জমিসহ তাদের ঘরের দলিলপত্র হস্তান্তর করেন।

উপজেলা নির্বাহী কর্মকর্তা সুমন্ত ব্যানার্জির সভাপতিত্বে ও মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা তরিকুল ইসলামের সঞ্চালনায় অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান আব্দুল মুমিন চৌধুরী, উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও পৌর মেয়র লুৎফুর রহমান, কানাইঘাট সার্কেলের এএসপি আব্দুল করিম, উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক অধ্যক্ষ সিরাজুল ইসলাম, সহ সভাপতি জামাল উদ্দিন, মহিলা ভাইস চেয়ারম্যান খাদিজা বেগম, উপজেলা সহকারী কমিশনার (ভ‚মি) মুনমুন নাহার আশা, থানার অফিসার ইনচার্জ তাজুল ইসলাম পিপিএম।

বক্তব্য রাখেন, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জহিরুল ইসলাম, বীরমুক্তিযোদ্ধা সুবেদার আফতাব উদ্দিন, কানাইঘাট সদর ইউপি চেয়ারম্যান প্রভাষক আফসর উদ্দিন আহমেদ চৌধুরী, কানাইঘাট প্রেসক্লাবের সাধারণ সম্পাদক নিজাম উদ্দিন।

উপস্থিত ছিলেন, উপজেলা কৃষি কর্মকর্তা এমদাদুল হক, মৎস্য কর্মকর্তা কারিসমা ইসলাম জেসি, সমাজসেবা কর্মকর্তা মো. জিলানী,

লক্ষীপ্রসাদ পশ্চিম ইউপি চেয়ারম্যান মাও. জামাল উদ্দিন, দিঘীরপাড় ইউপি চেয়ারম্যান আব্দুল মুমিন চৌধুরী, সাতবাঁক ইউপি চেয়ারম্যান আবু তায়্যিব শামীম, বড়চতুল ইউপি চেয়ারম্যান আব্দুল মালিক চৌধুরী, দক্ষিণ বাণীগ্রাম ইউপি চেয়ারম্যান মাস্টার লোকমান উদ্দিন।

প্রধান অতিথি’র বক্তব্যে সিলেটের স্থানীয় সরকারের উপ-পরিচালক মামুনুর রশিদ বলেন, স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশের ভ‚মিহীন ও গৃহহীন পরিবারগুলোকে জমিসহ ঘর প্রদানের কার্যক্রম শুরু করেছিলেন। তিনি সব-সময় মানুষের মৌলিক অধিকারগুলো বাস্তবায়নের কাজ করে গিয়েছিলেন। তাঁর স্বপ্ন ছিল দেশের সবার জন্য অন্ন, বস্ত্র, বাসস্থান, শিক্ষা, চিকিৎসা নিশ্চিত করন। তাঁরই সুযোগ্য কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধুর স্বপ্ন পূরণে দেশের ভ‚মিহীন ও গৃহহীনদের জমি সহ পাকা ঘর উপহার দেওয়ার মাধ্যমে বিশে^র ইতিহাসে অনন্য নজির স্থাপন করেছেন। তিনি উপকারভোগীদের প্রধানমন্ত্রীর উপহারের ঘরগুলো সঠিক যত্ন নেয়ার পাশাপাশি স্বাবলম্বী হওয়ার মাধ্যমে নিজেদের ভাগ্যের পরিবর্তন করার আহ্বান জানান। তৃতীয় ধাপে ভূমিহীন ও গৃহহীন পরিবারগুলোকে প্রধানমন্ত্রী উপ-হারের ঘর ও জমি পেয়ে আনন্দে আত্মহারা হয়ে অনেকে কেঁদে ফেলেন। তারা বলেন এতদিন তারা অন্যের বাড়িতে ও বিভিন্ন জায়গায় পরিবারের সদস্যদের নিয়ে অত্যন্ত মানবেতর ভাবে জীবন-যাপন করেছিলেন, তাদের মাথা গুজার কোন ঠাই ছিল না, প্রধানমন্ত্রী তাদের স্বপ্নের ঘর উপহার দেওয়ায় তাঁর দীর্ঘায়ু কামনা করেন উপকারভোগীরা।

প্রসজ্ঞত যে, মুজিববর্ষের শুরুতে কানাইঘাটে প্রথম ধাপে ১৯৩টি, দ্বিতীয় ধাপে ৭৫টি এবং তৃতীয় ধাপে ৮৪টি ভূমিহীন ও গৃহহীন পরিবারকে জমি সহ ঘর প্রদান করা হয়েছে। দেশের অন্যান্য উপজেলার চাইতে কানাইঘাটের ৯টি ইউনিয়ন ও পৌরসভার ভ‚মিহীন পরিবারের ঘরগুলো উপজেলার বিভিন্ন স্থানে অত্যন্ত মনোরম পরিবেশে ঠেকসই ও দৃষ্টিনন্দন ভাবে নির্মান করা হয়েছে। উপজেলা নির্বাহী কর্মকর্তা সুমন্ত ব্যানার্জি সার্বক্ষণিক তদারকির মাধ্যমে প্রধানমন্ত্রীর উপহারের ঘরগুলো নির্মাণে তদারকি করায় অত্যন্ত মজবুত ও সুন্দর হয়েছে ঘরগুলো। ভূমি কর্মকর্তা মুনমুন নাহার আশা, প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জহিরুল ইসলাম ও জনপ্রতিনিধিরা নির্মাণ কাজে সর্বাত্মক ভাবে তদারকি করেছেন বলে যারা ঘর পেয়েছেন সেই উপকারভোগীরা জানিয়েছেন।